

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
আনসারী ভবন (৪র্থ তলা) ১৪/২ তোপখানা রোড, ঢাকা-১০০০।

বিষয়ঃ স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী

সভাপতিঃ ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ, মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

তারিখঃ ১৩/০৮/২০২০ খ্রিঃ

সময়ঃ সকাল ১০:০০ টা

স্থানঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪০৭, আনসারী ভবন, ৪র্থ তলা, ১৪/২ তোপখানা রোড, ঢাকা)

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করার অনুমতি প্রদান করেন। ইনোভেশন টিমের সদস্য সচিব ড. লায়লা আখতার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়। নির্ধারিত বিষয়বলীর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র.ম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১।	বায়োমেট্রিক মেশিন	কোভিড পরিস্থিতির কারণে বায়োমেট্রিক মেশিনের ব্যবহার নিরুৎসাহিত করা হয়। জনাব আবু মমতাজ সাদউদ্দিন আহমেদ, প্রোগ্রাম ম্যানেজার (যুগ্ম সচিব), এবং জনাব এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন পরিচালক, (প্রশাসন), পুরনো হাজিরা খাতা চালু রাখার বিষয়ে মত দেন।	পুরানো হাজিরা খাতায় উপস্থিতি নিশ্চিত করতে হবে। পরিস্থিতি স্বাভাবিক হলে পরবর্তী নির্দেশ মোতাবেক বায়োমেট্রিক মেশিনের ব্যবহার চালু করতে হবে।	ফাতেমা জোহরা উপপরিচালক -১ ও মেহেদী হাসান সিস্টেমস এনালিস্ট
২।	ওয়েবসাইট উন্নয়ন	ড. মোঃ নূরুল আমিন (পরিচালক গবেষণা) বলেন, ওয়েবসাইট উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা প্রয়োজন।	ওয়েবসাইট উন্নয়ন বিষয়ে সেপ্টেম্বর/২০২০ মাসের মধ্যে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করতে হবে।	ড. মোঃ নূরুল আমিন পরিচালক (গবেষণা) ও মাজহারুল ইসলাম উপপরিচালক-৩
৩।	Fire extinguisher	জনাব আবু মমতাজ সাদউদ্দিন আহমেদ, প্রোগ্রাম ম্যানেজার (যুগ্ম সচিব), ফায়ার সার্ভিসের পরিচালকের সঙ্গে কথা বলে অগ্নি-নির্বাপন যন্ত্র চালনার প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সম্মতি গ্রহণ করেন। ফায়ার সার্ভিসের পরিচালকের সঙ্গে আলোচনাপূর্বক প্রশিক্ষণটি আয়োজনের জন্য আবারো তাগিদ দেন।	অগ্নি-নির্বাপন যন্ত্র চালনার বিষয়ে প্রশিক্ষণ/মহড়া/কর্মশালা আয়োজনের জন্য তারিখ নির্ধারন করে ফায়ার সার্ভিসের সাথে যোগাযোগ করতে হবে।	ফাতেমা জোহরা উপপরিচালক -১ ও পরিচালক (প্রশাসন)
৪।	ই-ফাইলিং বাস্তবায়ন	জরুরী ভিত্তিতে ই-ফাইলিং বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জরুরী ভিত্তিতে এ বিষয়ে ২৩ আগস্ট তারিখ থেকে তিন দিনের প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ড. মোঃ নূরুল আমিন পরিচালক (গবেষণা) ও মাজহারুল ইসলাম উপপরিচালক-৩
৫।	প্রশিক্ষণ/কর্মশালার সার-সংক্ষেপ /রিপোর্ট	দেশে বা বিদেশে অনুষ্ঠিত স্টাডিটুর/প্রশিক্ষণ/কর্মশালার সার-সংক্ষেপ/রিপোর্ট আবশ্যিকভাবে মহাপরিচালকের নিকট জমা দিতে হবে। সর্বশেষ সম্পন্ন ভিয়েতনাম স্টাডিটুরের পাওয়ার পয়েন্ট প্রজেন্টেশন প্রদানের জন্য ডা: সুরত পালকে অনুরোধ জানান।	ডা: সুরত পাল ভিয়েতনাম স্ট্যাডি টুরের প্রতিবেদন আগামী ২ সপ্তাহের মধ্যে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করবেন।	ডা: সুরত পাল ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা

৬। অতঃপর স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের ২০২০-২০২১ অর্থবছরের জন্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করা হয়। উপস্থিত কর্মকর্তাগণ তাৎক্ষণিকভাবে কিছু প্রস্তাব উপস্থাপন করেন। সভাপতি সকল কর্মকর্তাকে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে আরো উদ্ভাবনী উদ্যোগ/ধারণা প্রদান করার জন্য আহ্বান জানান। সভায় উপস্থাপিত উদ্ভাবনী প্রস্তাবসমূহ নিম্নরূপঃ

- Video Conferencing এর মাধ্যমে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য ডাঃ নওরীন মনি ও সিস্টেম এন্যালিস্ট Video Conferencing Kit এর মাধ্যমে সম্মেলন কক্ষকে Video Conference করার উপযোগী করার উদ্যোগ গ্রহণ করার কথা বলেন।
- Virtual Library বা e-Library প্রতিষ্ঠার প্রস্তাব দেন ডাঃ হাফিজুল ইসলাম এবং ডাঃ আশীষ।
- ডিজিটাল আইডি কার্ড তৈরীর প্রস্তাব দেন ডাঃ নওরীন মনি।
- ডাঃ আফজালুর রহমান বহুমুখী ব্যবহারের জন্য ডিজিটাল ডিসপ্লে/ব্যানার তৈরীর প্রস্তাব দেন।

পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-

(ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ও

সভাপতি

স্মারক নম্বর: ৪৫.০৫.০০০০.০০৮.৩৯.০০২.১৯.

তারিখ: ২৪/০৮/২০২০ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (প্রশাসন/গবেষণা)/ উপপ্রধান (যুগ্মসচিব), স্বাস্থ্য অর্থনীতি/ জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. উপপরিচালক-১/৩, সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান-১/২, স্বাস্থ্য অর্থনীতি/ জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সংযুক্ত কর্মকর্তা (সকল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট (ওপি), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. গবেষণা কর্মকর্তা (সকল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. সকল কর্মচারী, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড, ঢাকা।
১০. অফিস কপি।

Ahles

(ড. লায়লা আখতার)
উপপরিচালক-২ (উপসচিব)
ফোনঃ ৯৫৭০৬৪১

